কার্পাসডাঙ্গার লেডি কিলার খ্যাত জামালের বিরুদ্ধে ১২ নং তালাক প্রাপ্ত স্ত্রীকে

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামের ছাত্তারের ছেলে লেডি কিলার খ্যাত জামালের বিরুদ্ধে তার ১২ নং তালাক প্রাপ্ত স্ত্রীকে মারধর ও তার বাড়ি থেকে লুটপাটের অভিযোগ উঠেছে।

জানা গেছে, কার্পাসডাঙ্গা গ্রামের জামাল ইতিপূর্বে ১১ টা বিয়ে করে।যার কারনে জামালকে সাধারণ জনগণ লেডি কিলার আখ্যায়িত করে। জামাল কয়েক মাস পূর্বে কোমরপুর গ্রামের সুন্নতের মেয়ে নাজমাকে বিয়ে করে। জামাল বিয়ের পর থেকে নাজমাকে নানান ভাবে অত্যাচার করতে থাকে। যার ধারাবাহিকতায় গত কয়েকদিন পূর্বে নাজমা জামালকে তালাক প্রদান করে।

গত মঙ্গলবার রাত ১২ টার দিকে জামাল নাজমার বাড়িতে ঢুকে তাকে মারধর সহ বাক্স, সোকেচ ভাঙচুর সহ সোনার কানের দুল, রুলি বালা নগদ টাকা, চেইন লুটপাট করে নিয়ে যায়।

এ ঘটনায় বুধবার সকালে নাজমা দামুড়হুদা উপজেলা স্বাস্থ কমপ্লেক্সে চিকিৎসা নেই। নাজমা তার তালাকপ্রাপ্ত স্বামী জামালের বিরুদ্ধে মামলার প্রস্তুতি নিচ্ছে বলে জানিয়েছেন। এ বিষয়ে জামালের সাথে যোগাযোগ করা হলে তিনি বিষয়টি অস্বীকার করেন।

মেপ্র/ আরপি

গাংনীর এমপি সাহিদুজ্জামান খোকন এর সহধর্মিণীর উদ্যোগে

কম্বল বিতরণ

মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন এর পত্নী লাইলা আরজুমান বানু শিলা’র উদ্যোগে উপজেলা সকল ইউনিয়ন পরিষদের মহিলা মেম্বরদের মাঝে শীত বস্ত্র বিতরণ করেন।

বুধবার বিকেলে এমপির নিজ বাসভবনে কম্বল বিতরণ অনুষ্ঠানে লাইলা আরজুমান বানু বলেন, মেয়েরা অল্পতে সন্তুষ্ট থাকলেও এই অল্পটুকুও কেউ দিতে চায়না। তাই এমপি সাহেবকে বলে মহিলা মেম্বরদের জন্য সামান্য হলেও শীত বস্ত্রগুলো রাখা হয়েছে। পরবর্তিতে চেষ্টা করব আরও বড় কিছু দিতে। এ সময় তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য সকলের নিকট দোয়া প্রার্থনা করেন।

কম্বল বিতরণ অনুষ্ঠানে জেলা পরিষদের সদস্য ও উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম,বিআরডিবি সমিতির সভাপতি আলি আজগর উপস্থিৎ ছিলেন। মোট ২৭ জন মহিলা মেম্বরদের মাঝে তিনটি করে কম্বল বিতরণ করা হয়।

মেপ্র/ইএম

১৭বছর পর ইউনিয়ন আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার ৩নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সম্মেলন ১৭ বছর পর অনুষ্ঠিত হয়েছে।

গত ১১ তারিখে সাগান্না ইউনিয়নের উত্তর নারায়নপুর ত্রিমহনী বাজারে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে শেখ মোজাম্মেল হোসেন বিনা প্রতিদ্বন্দীতায় সভাপতি নির্বাচিত হলেও সাধারণ সম্পাদক পদে ২জন প্রার্থী হওয়ায় সাময়িক উত্তেজনা ছড়িয়ে পড়লে সম্মেলনের কার্যক্রম স্থগিত ঘোষণা করেন।

পরবর্তিতে গত ২৭ তারিখে উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে সাগান্না ইউনিয়নের ওয়ার্ড আওয়ামী লীগের নেতৃবিন্দুর উপস্থিতিতে সাধারণ সম্পাদক প্রার্থী মুন্সী শাহীন রেজা সাঈদ এবং রাজু আহম্মেদের মধ্যে সমঝতার ভিত্তিতে রাজু তার প্রার্থীতা প্রত্যাহার করে নেন এবং মুন্সী শাহীন রেজা সাঈদকে সাধারণ সম্পাদক হিসেবে ঘোষনা করা হয় ।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাডঃ আব্দুর রশিদ এবং সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরন স্বাক্ষরিত ২৮ তারিখের এক পত্রের মাধ্যমে এই কমিটি ঘোষণার সত্যতা জানা যায়।

এ বিষয়ে উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাডঃ আব্দুর রশিদ জানান সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগে শেখ মোজাম্মেল হোসেন কে সভাপতি এবং মুন্সী শাহীন রেজা সাঈদকে সাধারণ সম্পাদক করে কমিটি ঘোষণা করা হয়েছে। খুব শিগ্রই পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হবে।

ঝিনাইদহে হালকা বৃষ্টি আর শীতে স্থবির জনজীবন

ঝিনাইদহে দফায় দফায় গুড়ি গুড়ি বৃষ্টিতে স্থবির হয়ে পড়েছে জন জীবন। বুধবার সকাল থেকে বৃষ্টির কারণে প্রয়োজন ছাড়া ঘর থেকে কেউ বের হচ্ছেন না।

বৃষ্টির কারণে রাস্তা ঘাটে মানুষের উপস্থিতি কমে গেছে। বৃষ্টির কারণে ভোগান্তীতে পড়েছে অফিস, স্কুলগামীরা। বৃষ্টি উপেক্ষা করে অনেককে ছাতা মাথায় নিয়ে ঘুরতে দেখা গেছে। এছাড়াও ক্রেতা না থাকায় শহরের অনেক দোকান পাট বন্ধ রয়েছে।

এদিকে বৃষ্টির সাথে বেড়েছে শীতের তীব্রতা। সবচেয়ে বেশি বিপাকে পড়েছে খেটে খাওয়া সাধারণ মানুষ। কাজ না পেয়ে অনেককে অলস সময় কাটাতে দেখা গেছে।

শহরের পুরাতন ডিসি কোর্ট এলাকায় চায়ের দোকানে বসে থাকা হাবিবুর

রহমান বলেন, গেল রাতেও আবহাওয়া ভালো ছিল। ভোর থেকে আকাশে মেঘলা হতে শুরু করে। এরপর গুড়ি গুড়ি বৃষ্টি হচ্ছে। যে কারণে কাজে বের হওয়া যাচ্ছে না।

রিক্সা চালক সোনা মিয়া বলেন, শীতের কারণে রিক্সা চালানো যাচ্ছে না। তাছাড়াও বৃষ্টির কারণে শহরে লোকজনের উপস্থিতি কমে গেছে। ভাড়াও কম হচ্ছে যে কারণে বসে থাকতে হচ্ছে।

কুষ্টিয়ায় বসতবাড়ি উচ্ছেদ না করতে এলাকাবাসীর মানববন্ধন

কুষ্টিয়া শহরের শেখ রাসেল সেতুর পশ্চিম পাশের গড়াই নদীর দক্ষিণ পাড়ে বসবাসরত ভূমিহীন গরীব অসহায় দিনমজুর শ্রেণীর মানুষের বসতবাড়ি উচ্ছেদ না করতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে এলাকাবাসী।

বুধবার সকাল সাড়ে ১১ টায় কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।

মানববন্ধনে জানানো হয়, কুষ্টিয়া পৌরসভার তিতুমীর সড়ক (শেখ রাসেল সেতুর পশ্চিম পাশের গড়াই নদীর পাড় রেনউইক সীমানাপ্রাচীর পর্যন্ত) থানাপাড়া এলাকার হতদরিদ্র ভূমিহীন সাধারণ জনগোষ্ঠীরা দেশ স্বাধীনের পর থেকে এলাকায় বসতঘর নির্মাণ করে পৌরসভার হোল্ডিং ট্যাক্স প্রদান করে স্থায়ীভাবে বসবাস করে আসছেন।

অনেকেই বিভিন্ন অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান এনজিওর নিকট থেকে ঋণ নিয়ে ঘর নির্মাণ করে বসবাস করছেন। কিন্তু সম্প্রতি এই এলাকার ঘর বাড়ি উচ্ছেদ করে দেয়ার কথা জানতে পেরে তারা স্থানীয় প্রশাসন, পুলিশ সুপার, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান, জেলা পরিষদ চেয়ারম্যান, পৌরসভার মেয়র, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ জেলা প্রশাসকের নিকট উচ্ছেদ না করার আকুল আবেদন জানিয়েছেন।

তারা বলেন, দীর্ঘদিন ধরে এই এলাকায় বসবাস করে আসছে এবং নিয়ম মেনে

হোল্ডিং ট্যাক্স পর্যন্ত প্রদান করে আসছি। এসব এলাকায় বসতবাড়ি যদি উচ্ছেদ করা হয় তাহলে হাজারো মানুষ গৃহহীন হয়ে পড়বে। রাস্তায় বসা ছাড়া তাদের কোন জায়গা থাকবে না। এলাকার বসবাসরত হাজারো ভূমিহীন গরীব অসহায় মানুষদের শেষ সম্বল মাথাগোঁজার ঠাঁই রক্ষার্থে কঠোর কর্মসুচী দেওয়ার ঘোষনা দেন তারা।

পরে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করেন এলাকাবাসী।

কুষ্টিয়ায় স্ত্রী হ*ত্যার দায়ে যুবকের মৃত্যুদণ্ড

কুষ্টিয়ার খোকসা থানায় স্ত্রী হ*ত্যা মামলায় আব্দুল কাদের (২৮) নামে এক যুবককে মৃত্যুদণ্ড ও এক লাখ টাকা জরিমানার আদেশ দিয়েছেন আদালত।

বুধবার (২৯ জানুয়ারি) বেলা সাড়ে ১১টায় কুষ্টিয়া নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আদালতের বিচারক মুন্সী মো. মশিয়ার রহমান জনাকীর্ণ আদালতে আসামির উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন।

দণ্ডপ্রাপ্ত আসামি আব্দুল কাদের খোকসা উপজেলার দেবীনগর গ্রামের আব্দুল খালেকের ছেলে।

আদালত সূত্রে জানা যায়, ২০১৮ সালের ১০ ফেব্রুয়ারি সন্ধ্যা সাড়ে ৬টায় নিজ বাড়িতে স্ত্রী মিলি খাতুনকে (২০) মাথায় আঘাত ও শ্বাসরোধ করে হ*ত্যা করে মরদেহ খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বারান্দায় ফেলে রেখে পালিয়ে যায় তার স্বামী আব্দুল কাদের। এ ঘটনায় নিহত মিলি খাতুনের ভাই সাইফুল ইসলাম খোকসা থানায় বোন জামাই আব্দুল কাদেরের বিরুদ্ধে যৌতুক না পেয়ে নির্যাতন করে হ*ত্যার অভিযোগে মামলা দায়ের করেন। মামলাটি তদন্ত শেষে ২০১৮ সালের ৩১ মে আদালতে চার্জশিট দেয় পুলিশ।

কুষ্টিয়া নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আদালতের কৌঁশুলি (পিপি) অ্যাডভোকেট আব্দুল হালিম সত্যতা নিশ্চিত করে বলেন,

খোকসা থানার চাঞ্চল্যকর এ হ*ত্যা মামলাটিতে আসামির বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আব্দুল কাদেরকে মৃত্যুদণ্ডসহ এক লাখ কাটা জরিমানা করেন আদালত।

মেপ্র/ইএম

মেহেরপুর কলেজ মোড়ে গণশৌচাগার পুনরুদ্ধার

মেহেরপুরের কলেজ মোড়ে দির্ঘদিন ধরে দখলে থাকা গনশৌচাগারটি অবশেষে উদ্ধার করা হয়েছে। বুধবার পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের নেতৃত্বে অভিযান চালিয়ে সেটি উদ্ধার করা হয়। সেই সাথে পৌরসভার সকল পরিত্যাক্ত সম্পদ জন সাধারণের ব্যবহারের উপযোগী করে তোলা হবে।

মেহেরপুর পৌরসভার চলমান কাজ সম্পর্কে মেয়র বলেন, বসবাস যোগ্য মান সম্মত মেহেরপুর গড়ার লক্ষ্যে রাস্তা ঘাট সহ অবকাঠামো উন্নয়নের কাজ চলছে। অল্পদিনে মধ্যে এই চলমান কাজ শেষ হবে। যে কাজ গুলো এখনো শুরু হয়নি সে সব কাজ যেন দ্রুত শুরু হয় সে চেষ্টা চলছে।

এসময় উপস্থিত ছিলেন, টিআই-১ ইসমাইল, জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, কার্যনির্বাহী সভাপতি সোহেল আহমেদ প্রমুখ।

মুজিবনগরে তথ্য সেবা কেন্দ্রের

উঠান বৈঠক

“শেখ হাসিনার সহায়তায়, তথ্য আপা পথ দেখায়” এ শ্লোগানে মুজিবনগরে ডিজিটাল বাংলাদেশ গড়তে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যেমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)বাস্তবায়নের লক্ষে মুজিবনগরে তথ্য সেবা কেন্দ্রের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল সাড়ে এগারোটার দিকে মুজিবনগর কমপ্লেক্স শেখ হাসিনা মঞ্চে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে তথ্য প্রযুক্তির বিভিন্ন সুবিধার বিষয় উপস্থিত সকলের সামনে বক্তব্য তুলে ধরেন জেলা প্রশাসক আতাউল গনি।

এ সময় উপজেলা শিক্ষা অফিসার বেলায়েত হোসেন, সমাজসেবা অফিসার আব্দুর রব, বাগোয়ান ইউপি চেয়ারমান আয়ূব হোসেন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতেই উঠান বৈঠক অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকার। অনুষ্ঠানে তথ্য আপা কার্যক্রম সংক্লান্ত সকল বিষয় প্রযেক্টরের মাধ্যেমে তুলে ধরা হয়।

কুষ্টিয়ায় স্ত্রীকে কুপিয়ে হ*ত্যা, মাকে জখম

কুষ্টিয়ায় মাদক কেনার টাকা দিতে অস্বীকার করায় ক্ষিপ্ত হয়ে স্ত্রীকে গলা কেটে হ*ত্যা করেছে মাদকাসক্ত এক যুবক। এ সময় নিজ মাকেও তিনি কুপিয়ে গুরুতর জখম করেছেন বলে জানা গেছে।
বুধবার সকালে কুষ্টিয়া সদর উপজেলার ইবি থানার হরিনারায়ণপুরে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে।
স্থানীয় সূত্র জানা যায়, হরিনারায়ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এলাকার করিম বিশ্বাসের ছেলে আওয়াল মাদকের টাকার জন্য অস্বাভাবিক আচরণ করে আসছিলেন।
বুধবার সকালের দিকে মাদকের টাকার জন্য বাবা-মা ও স্ত্রীর সঙ্গে অসদাচরণ শুরু করেন তিনি। টাকা দিতে অস্বকৃতি জানালে আউয়াল ঘর

থেকে ধারালো অস্ত্র নিয়ে স্ত্রী ও মাকে এলোপাতাড়ি আঘাত করে রক্তাক্ত জখম করে। এতে স্ত্রী জাহানারা ঘটনাস্থলেই মারা যান। গুরুতর আহত মাকে হাসপাতালে নেয়া হয়েছে। এ ঘটনায় পুলিশ মাদকাসক্ত আউয়ালকে আটক করেছে।
ইবি থানার ওসি জাহাঙ্গীর আরিফ জানান, মাদকের টাকার জন্যই এ ঘটনা ঘটে থাকতে পারে। আউয়ালকে আটক করে থানায় আনা হয়েছে।

মেহেরপুরের আমঝুপিতে জামাইয়ের হামলায় আহত শশুরের মৃত্যু

মেহেরপুরের আমঝুপিতে জামাইয়ের হামলায় আহত হাবিবুর রহমান পঁচা কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।

মঙ্গলবার রাত ৮টার সময় কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

বিস্তারিত আসছে……..